ΕΛΛΗΝΙΚΗ ΔΗΜΟΚΡΑΤΙΑ
Υπουργείο Μετανάστευσης & Ασύλου

# আশ্রয়(অ্যাসাইলাম) প্রক্রিয়া সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়

তৃতীয় দেশীয় প্রতিটি নাগরিক বা নাগরিকত্বহীন ব্যক্তির আশ্রয়ের জন্য আবেদন করার অধিকার রয়েছে। অ্যাসাইলাম পদ্ধতিতে প্রবেশ বিনামূল্যে এবং উন্মুক্ত।

## 1. আশ্রয় (অ্যাসাইলাম) আবেদন বা আন্তর্জাতিক সুরক্ষা আবেদন

***আশ্রয় (অ্যাসাইলাম) বা আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী***

আশ্রয় বা আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারীরা তৃতীয় দেশীয় নাগরিক বা নাগরিকত্বহীন ব্যক্তি, যারা প্রাথমিক বা পরবর্তী পর্যায়ে উপযুক্ত কর্তৃপক্ষের কাছে আন্তর্জাতিক সুরক্ষা পাওয়ার জন্য একটি আবেদন জমা দিয়ে থাকেন। গ্রীক কর্তৃপক্ষ দুই ধরনের আন্তর্জাতিক সুরক্ষা প্রদান করে থাকে: শরণার্থী মর্যাদা এবং সহায়ক সুরক্ষা মর্যাদা।

শরণার্থী মর্যাদা যেকোনো ব্যক্তিকে প্রদান করা যেতে পারে যে কিনা তার স্বদেশ অথবা নাগরিকত্বহীন ব্যক্তির ক্ষেত্রে তার পূর্ব অভ্যাসগত বসবাসরত দেশ ছেড়ে যেতে বাধ্য হয়েছে এবং জাতি, ধর্ম, জাতীয়তা, রাজনৈতিক বিশ্বাস বা বিশেষ কোনো সামাজিক গোষ্ঠীর অন্তর্ভূক্ত হওয়ার কারণে নিপীড়নের ভয়ে সেখানে ফিরে যেতে অক্ষম বা অনিচ্ছুক।

সহায়ক সুরক্ষা মর্যাদা যেকোনো ব্যক্তিকে প্রদান করা যেতে পারে যে কিনা শরণার্থী হিসেবে স্বীকৃত হওয়ার জন্য উপরোক্ত শর্তগুলো পূরণ করে না তবে তার স্বদেশে অথবা তার পূর্ব অভ্যাসগত বসবাসরত দেশে ব্যক্তিগত পর্যায়ে গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার যথেষ্ট ঝুঁকি রয়েছে। যেমন- বিশেষ করে যদি তার মৃত্যুদন্ডে দন্ডিত হওয়ার বা নির্যাতিত হওয়ার বা অমানবিক বা অবমাননাকর আচরণের ঝুঁকি থেকে থাকে অথবা আন্তর্জাতিক বা অভ্যন্তরীণ সশস্ত্র সংঘাতের কারণে জীবন বিপন্ন হওয়ার ঝুঁকি থেকে থাকে।

***কোথায় আবেদন জমা করতে হয়***

যদি আপনি লেসভোস, হিয়োস, সামোস, কোস, লেরোস দ্বীপগুলো দিয়ে বা এভ্রোস অঞ্চল দিয়ে প্রবেশ করে থাকেন তাহলে আপনার প্রাথমিক আবেদন জমা দেওয়ার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হলো উক্ত স্থানগুলোতে অবস্থিত অভ্যর্থনা ও পরিচয় শনাক্তকরণ কেন্দ্র। যদি আপনি উপরোক্ত স্থানগুলোতে আপনার আবেদন জমা না দেন তাহলে বিকল্পভাবে মালাকাসা ও দিয়াভাতা-তে অবস্থিত অভ্যর্থনা ও পরিচয় শনাক্তকরণ কেন্দ্রে আপনার আবেদন জমা করতে পারবেন। সঙ্গীহীন অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে আবেদন জমা দেওয়ার উপযুক্ত কর্তৃপক্ষ হলো আঞ্চলিক আশ্রয় কার্যালয় (অ্যাসাইলাম সার্ভিস) বা আশ্রয় কার্যালয়ের স্বায়ত্বশাসিত শাখা।

আবেদন স্বশরীরে জমা দেওয়া হয়। আপনি যদি নিবন্ধিত না হয়ে থাকেন তাহলে মালাকাসা ও দিয়াভাতা-তে অবস্থিত অভ্যর্থনা ও পরিচয় শনাক্তকরণ কেন্দ্রগুলোতে নিবন্ধিত হওয়ার জন্য অভিবাসন ও আশ্রয় মন্ত্রণালয়ের অনলাইন প্লাটফর্মে একটি অ্যাপয়েন্টমেন্ট নিতে পারেন।

যদি আপনি আইনি কার্যক্রম অনুসরণ না করে এদেশে প্রবেশ করে থাকেন অথবা গ্রীসে বেআইনীভাবে বসবাসরত থাকেন তাহলে আপনাকে একটি অভ্যর্থনা ও পরিচয় শনাক্তকরণ কেন্দ্রে নিয়ে যাওয়া হবে এবং যদি আপনার নাগরিকত্ব ও পরিচয় প্রমাণ করার মত সরকারি কর্তৃপক্ষ হতে কোনো নথিপত্র না থাকে তাহলে অভ্যর্থনা ও পরিচয় শনাক্তকরণ প্রক্রিয়ায় আপনাকে চালনা করা হবে। আপনার আবেদন পরীক্ষা প্রক্রিয়া চলাকালীন সময় বাধ্যতামূলকভাবে কেন্দ্রের প্রাঙ্গণে আপনাকে থাকতে হবে, তবে এই সময়কাল পচিঁশ (25) দিনের বেশি হবে না।

আপনার আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে মোট বিশ (20) দিন থেকে ছয় (6) মাস সময় লাগতে পারে।

***আবেদনের নিবন্ধন***

আপনার আবেদনের সম্পূর্ণ নিবন্ধন ফর্মে অন্তর্ভুক্ত থাকবে আপনার পরিচয়ের তথ্যাবলী, আপনার বংশদ্ভোত দেশ, আপনার পিতার, মাতার, স্বামী/স্ত্রীর ও সন্তানের নাম, আপনার ইমেইল ঠিকানা যদি থেকে থাকে, বায়োমেট্রিক পদ্ধতিতে শনাক্তকরণ তথ্য, আপনি যে কারণে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করছেন তার একটি সম্পূর্ণ বিবৃতি, বাসস্থানের ঠিকানা, আপনি যে ভাষায় আপনার আবেদন পরীক্ষা করতে চান, সেই সাথে যদি চান একজন অনুমোদিত প্রতিনিধি নিয়োগ করতে পারবেন।

আপনার শরীর ও জিনিসপত্র চেক করা যেতে পারে।

আপনার মেডিক্যাল টেস্ট করা যেতে পারে।

আপনি যখন আবেদন জমা দিবেন, তখন একজন দোভাষী থাকবে যিনি আপনি যে ভাষায় বোঝেন সেই ভাষায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে আপনাকে সাহায্য করবে, যাতে নিয়ম-প্রক্রিয়া, আন্তর্জাতিক সুরক্ষার জন্য একজন আবেদনকারী হিসেবে আপনাকে আপনার অধিকার এবং বাধ্যবাধকতা এবং সেইসাথে প্রযোজ্য সময়সীমা সম্পর্কে অবহিত করা যায়।

আপনার আবেদন নিবন্ধনের দিনে, আপনার ছবি তোলা হবে এবং আপনার এবং আপনার পরিবারের যে সকল সদস্যদের বয়স চৌদ্দ (14) বছরের বেশি তাদের আঙুলের ছাপ নেওয়া হবে। আঙুলের ছাপগুলো ইউরোডাক (EURODAC) ইউরোপীয় সেন্ট্রাল ডেটাবেসে প্রবেশ করানো হবে এবং আপনি যদি 'ডাবলিন 3' নিয়মাবলী প্রয়োগ করে অন্য ইউরোপীয় রাষ্ট্রে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেন তবে আপনার আবেদন পরীক্ষা করার জন্য আপনাকে সেখানে স্থানান্তর করা যেতে পারে।

'ডাবলিন 3' নিয়মাবলী নির্ধারণ করে যে এই নিয়মাবলী দ্বারা আবদ্ধ কোন্ ইউরোপীয় রাষ্ট্র আপনার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বরত। ক্রমানুসারে ব্যবহৃত শর্তগুলো নিম্নরূপ: ক) পারিবারিক বন্ধন, খ) সাম্প্রতিক প্রবেশের অনুমতি (ভিসা-visa) বা একটি সদস্য রাষ্ট্রে বসবাসের অনুমতি এবং গ) ইউরোপীয় ইউনিয়নে আইনি বা বেআইনী প্রবেশ।

আপনাকে আপনার ভ্রমণের নথি (যেমন- পাসপোর্ট) বা আপনার অধীনে থাকা অন্য কোনো নথি দিতে হবে যা আপনার আবেদনের পরীক্ষা এবং আপনার ও আপনার পরিবারের সদস্যদের পরিচয় যাচাইয়ের সাথে প্রাসঙ্গিক।

আবেদন সম্পর্কিত আপনার দেওয়া তথ্য গোপনীয়। কর্মকর্তাদের দায়িত্ব রয়েছে তথ্যগুলোর গোপনীয়তা বজায় রাখার এবং আপনার আবেদন পরীক্ষাকালীন সময়ে আপনি তাদের যে তথ্য প্রদান করবেন তা আপনার স্বদেশের কর্তৃপক্ষের কাছে প্রকাশ করা হবে না।

আপনি শরণার্থীদের জন্য জাতিসংঘের হাই কমিশনের সাথে যোগাযোগ করতে পারেন বা এমন একটি সংস্থার সাথে যোগাযোগ করতে পারেন যারা আইনি সহায়তা, চিকিৎসা এবং মানসিক সমর্থন প্রদান করে।

আপনি যদি নির্যাতন, ধর্ষণ বা অন্যান্য গুরুতর সহিংসতার শিকার হোন ,অবশ্যই কর্তৃপক্ষকে জানাতে হবে যাতে তারা আপনাকে সাহায্য করতে পারে।

প্রক্রিয়া চলাকালীন একজন আইনজীবী বা আপনার পছন্দমত অন্য কোনো উপদেষ্টার সাহায্য চাওয়ার অধিকার রয়েছে (আশ্রয় কার্যালয়ের মধ্যস্থতা ব্যতীত)। এক্ষেত্রে আপনার আইনজীবী বা উপদেষ্টাকে আপনার মূল স্বাক্ষরের মাধ্যমে লিখিতভাবে অনুমোদন দিতে হবে যাতে সে আপনার সাক্ষাৎকারের সময় বা আশ্রয় কার্যালয়ের অন্যান্য প্রক্রিয়ায় আপনার প্রতিনিধিত্ব করতে পারে। আপনার আইনজীবী বা উপদেষ্টার ফি এবং খরচ আপনি বহন করবেন। আবেদনের ভিত্তিতে আপনার ও আপনার অনুমোদিত আইনজীবী বা উপদেষ্টা উভয়েরই আপনার প্রশাসনিক ফাইলে থাকা নথিগুলিতে প্রবেশাধিকার রয়েছে।

আশ্রয় কার্যালয় আপনার সাক্ষাৎকারের জন্য একটি তারিখ নির্ধারণ করবে এবং আপনি আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ড পাবেন যা এক (1) বছর পর্যন্ত স্থায়ী হতে পারে। এই কার্ডটি সবসময় আপনার

সাথে রাখতে হবে। উক্ত কার্ডটি ইস্যু করার সময় আমরা আপনাকে একটি ট্যাক্স রেজিস্ট্রেশন নম্বর (আফিমি) এবং একটি অস্থায়ী সামাজিক নিরাপত্তা ও স্বাস্থ্য পরিচর্যা নম্বর (পাইপা) প্রদান করবো।

যদি আপনি কোনো অসহায় গোষ্ঠীর অন্তর্ভুক্ত হন এবং আপনার আবেদন জমা দেওয়ার পনের দিনের মধ্যে আপনার সাক্ষাৎকার নির্ধারণ করা হয়, তাহলে সাক্ষাৎকারের জন্য সঠিকভাবে প্রস্তুত হওয়ার জন্য এবং প্রক্রিয়া চলাকালীন একজন আইনজীবী বা অন্য কোনো উপদেষ্টার সাহায্য পেতে পরামর্শ করার জন্য আশ্রয় কার্যালয় পর্যাপ্ত সময় (3 দিন পর্যন্ত) প্রদান করে। আপনি বিশেষ কোনো অসহায় গোষ্ঠীর অন্তর্ভুক্ত হবেন, যদি- আপনি অপ্রাপ্তবয়স্ক হোন, জাহাজডুবির শিকার ব্যক্তির আত্মীয় (পিতামাতা, ভাইবোন, সন্তান, স্বামী/স্ত্রী) হোন, প্রতিবন্ধী হোন, বয়স্ক বক্তি হোন, গর্ভবতী মহিলা হোন, অপ্রাপ্তবয়স্ক শিশুসহ একক পিতা/মাতা বিশিষ্ট পরিবার হোন, মানব পাচারের শিকার হোন, গুরুতর অসুস্থ ব্যক্তি হোন, বোধশক্তিহীন ও মানসিক প্রতিবন্ধী ব্যক্তি হোন এবং নির্যাতন, ধর্ষণ বা অন্যান্য গুরুতর ধরনের মানসিক, শারীরিক বা যৌন সহিংসতার শিকার হয়েছেন, যেমন-লিঙ্গচ্ছেদের শিকার, এমন ব্যক্তি হোন ।

আপনি অনুরোধ করতে পারেন যেন সাক্ষাৎকার ও অনুবাদ প্রক্রিয়াটি আপনার ইচ্ছাকৃত লিঙ্গের একজন কর্মকর্তা দ্বারা পরিচালিত হয়। আপনার এই সম্পর্কিত অনুরোধটি কার্যালয় দ্বারা বিবেচনা করা হবে এবং সম্ভব হলে অনুরোধটি রক্ষা করা হবে ।

### *আন্তর্জাতিক সুরক্ষার জন্য পরবর্তীকালীন আবেদন*

পরবর্তীকালীন আবেদন হলো আন্তর্জাতিক সুরক্ষার জন্য একটি আবেদন যা পুলিশ বা আশ্রয় কার্যালয় বা আপিল কর্তৃপক্ষের চূড়ান্তভাবে প্রত্যাখ্যানের সিদ্ধান্ত জারির পর অথবা আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য পূর্ববর্তী আবেদন স্বেচ্ছায় পরিত্যাগ করার পর, নতুন করে পুনরায় আবেদন জমা দেওয়ার প্রক্রিয়া।

পরবর্তীকালীন আবেদন ও নতুন তথ্য জমা দেওয়ার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হলো আঞ্চলিক আশ্রয় কার্যালয় বা আশ্রয় কার্যালয়ের স্বায়ত্তশাসিত শাখা যা আপনার বাসস্থানের কাছে অবস্থিত। পরবর্তীকালীন আবেদন জমা দেওয়ার জন্য অভিবাসন ও আশ্রয় মন্ত্রণালয়ের অনলাইন প্লাটফর্মে একটি অ্যাপয়েন্টমেন্ট নিতে পারেন।

পরবর্তীকালীন আবেদন জমা দেওয়ার পর, আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ড ইস্যু করা **হবে না।**

আশ্রয় কার্যালয় আপনার জমা দেওয়া তথ্য পরীক্ষা করবে এবং সিদ্ধান্ত নেবে যে এটি আন্তর্জাতিক সুরক্ষা আবেদনের জন্য নতুন এবং প্রাসঙ্গিক কিনা। শুধুমাত্র যদি আপনার পরবর্তীকালীন আবেদনটি গ্রহণযোগ্য হয় তাহলে আপনাকে আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ড দেওয়া হবে এবং আপনার আবেদন আশ্রয় কার্যালয় দ্বারা পরীক্ষা করা অব্যাহত থাকবে।

যদি কার্যালয় আপনার পরবর্তীকালীন আবেদনটি প্রত্যাখ্যান করে, তাহলে আপনাকে সিদ্ধান্ত প্রদান করার পাঁচ (5) দিনের মধ্যে আপনি আপিল কর্তৃপক্ষের কাছে আপিল দায়ের করতে পারেন যা সিদ্ধান্তে উল্লেখিত থাকবে।

যদি আপনি দ্বিতীয়বার পরবর্তীকালীন আবেদন করেন, তাহলে আবেদন পর্যবেক্ষণ পর্যায়ে আপনি স্বয়ংক্রিয়ভাবে নির্বাসন (ডিপোর্ট) /প্রত্যাবর্তন থেকে সুরক্ষিত থাকবেন না।

দ্বিতীয়বার পরবর্তীকালীন বা এরপর প্রতিবার পরবর্তীকালীন আবেদনের জন্য, আপনাকে অবশ্যই আপনার আবেদনের তিনএকশত (300€) ইউরোর একটি রসিদ (পারাভলো) জমা দিতে হবে, যা অনলাইন রসিদ (ই-পারাভলো) প্রক্রিয়ার মাধ্যমে ইস্যু করা হয়। একটি পরিবারের ক্ষেত্রে, প্রতিটি সদস্যের জন্য আলাদাভাবে সম পরিমাণ অর্থ (পারাভলো) জমা দিতে হবে।

## 2. আন্তর্জাতিক সুরক্ষার জন্য সাক্ষাৎকার

আশ্রয় কার্যালয়ের দ্বারা আপনার জন্য নির্ধারিত দিনে ও সময়ে উপযুক্ত যোগ্যতা সম্বলিত আশ্রয়

কার্যালয়ের একজন যোগ্য কর্মকর্তা দ্বারা সাক্ষাৎকারটি পরিচালনা করা হবে।

আপনাকে অবশ্যই তার প্রশ্নের উত্তর সম্পূর্ণরূপে সততার সাথে দিতে হবে, শুধুমাত্র সত্য ঘটনাগুলি সম্পূর্ণরূপে তুলে ধরতে হবে এবং আপনার আবেদনের সাথে সম্পর্কিত কোনো তথ্য গোপন করবেন না। আপনি যদি অসত্য তথ্য বা বিবৃতি প্রদান করেন তাহলে সেটি আপনার আবেদনের মূল্যায়নে বিরূপ প্রভাব ফেলবে।

সাক্ষাৎকারের সময় আশ্রয় কার্যালয়ের কর্মকর্তা বিশেষ করে আপনার আবেদনে উল্লেখ করা তথ্য, আপনার পরিচয়ের তথ্য, আপনি কীভাবে গ্রিসে এসেছিলেন, আপনি কী কারণে আপনার স্বদেশ ত্যাগ করেছেন বা আপনি যদি নাগরিকত্বহীন হোন তাহলে কী কারণে পূর্ব-বসবাসরত দেশ ত্যাগ করেছেন এবং সেইসাথে কেন আপনি সে দেশে ফিরে যেতে অক্ষম বা অনিচ্ছুক সে সম্পর্কে জিজ্ঞাসা করবেন। তাছাড়া, প্রয়োজনীয় মনে করেন এমন যেকোনো তথ্য সাক্ষাৎকারের সময় যোগ করতে পারবেন।

পরিবারের প্রাপ্তবয়স্ক প্রতিটি সদস্যের জন্য একটি পৃথক সাক্ষাৎকার নেওয়া হয়। অপ্রাপ্তবয়স্কদের জন্য, তাদের পরিপক্কতা ও মানসিক পরিণতি এবং আঘাতমূলক অভিজ্ঞতা বিবেচনা করে একটি ব্যক্তিগত সাক্ষাৎকার নেওয়া হয়।

সাক্ষাৎকারে একজন দোভাষীও উপস্থিত থাকবেন। আপনি বোঝেন এমন ভাষায় অনুবাদ করা হবে। দোভাষী সেবা বিনামূল্যে সরবরাহ করা হয়।

সাক্ষাৎকারে আপনি একজন আইনজীবী বা অন্য কোনো উপদেষ্টা (ডাক্তার, মনোবিজ্ঞানী বা সমাজকর্মী) সাথে নিয়ে উপস্থিত হতে পারেন, যাকে আপনার সাক্ষাৎকারের সময় উপস্থিত থাকতে বা আশ্রয় কার্যালয়ে আপনার প্রতিনিধিত্ব করতে আপনাকে অবশ্যই লিখিতভাবে অনুমোদন দিতে হবে। আপনার আইনজীবী বা উপদেষ্টার ফি এবং খরচ আপনি বহন করবেন।

সাক্ষাৎকারে আপনি যা বলবেন তা গোপনীয়। কোনো অবস্থাতেই আপনার স্বদেশের কর্তৃপক্ষের সাথে তা শেয়ার করা হবে না। তবে, গ্রীসের অন্যান্য কর্তৃপক্ষের সাথে তা শেয়ার করা যেতে পারে।

সাক্ষাৎকারটি অডিও রেকর্ড করা হবে। পাশাপাশি কর্মকর্তা একটি সংকলন (পাঠ্য) প্রস্তুত করবে যাতে সাক্ষাৎকারের সমস্ত প্রশ্ন এবং উত্তর অন্তর্ভুক্ত থাকবে। যদি সাক্ষাৎকারটি রেকর্ড না করা হয় তাহলে আপনার উচিত দোভাষীর সাহায্যে সংকলনের পাঠ্যটি পরীক্ষা করা ও এর বিষয়বস্তু নিশ্চিত করা বা সংশোধনের অনুরোধ করা ও সাক্ষর করা। আবেদনের ভিত্তিতে পাঠ্য সংকলনটির অনুলিপি বা/এবং সাক্ষাৎকারের অডিও রেকর্ডিং পেতে পারেন। সাক্ষাৎকারটি টেলিকনফারেন্সের মাধ্যমেও হতে পারে।

## 3. আন্তর্জাতিক সুরক্ষা আবেদনের সিদ্ধান্ত

সাক্ষাৎকারের পর আশ্রয় কার্যালয় সিদ্ধান্ত নিবে, আপনাকে শরণার্থী মর্যাদা বা সহায়ক সুরক্ষা মর্যাদা প্রদান করা হবে নাকি আপনার আবেদন প্রত্যাখ্যান করা হবে। ব্যক্তিগত সাক্ষাৎকারের সময় আপনার দেওয়া বিবৃতি, আপনার আবেদনকে প্রমাণ করার জন্য আপনার প্রদানকৃত তথ্য, আপনার স্বদেশ সম্পর্কে প্রাসঙ্গিক তথ্য এবং আপনার প্রশাসনিক ফাইলে অন্তর্ভুক্ত সমস্ত তথ্যাবলী বিবেচনা করে কর্মকর্তা

আপনার আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নিবে।

আপনার আবেদন চলাকালীন অবস্থায়, আপনি তা থেকে ইস্তফা নিতে পারেন।

আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদন প্রত্যাখ্যান করা হলে, আপনাকে ফেরত পাঠানোর সিদ্ধান্ত জারি করা হবে।

যে সিদ্ধান্তের নথিপত্রটি আপনাকে পাঠানো হবে তার সাথে একটি অতিরিক্ত নথি সংযুক্ত থাকবে যাহাতে আপনার বোধগম্য সহজ ভাষায় সিদ্ধান্তের বিষয়বস্তু এবং ফলাফল সম্পর্কে ব্যাখ্যায়িত থাকবে ।

আপনি স্বশরীরে উপস্থিত হয়ে অথবা আপনাকে (বা আপনার আইনজীবীকে) রেজিস্ট্রিকৃত চিঠি পাঠানোর মাধ্যমে বা অনলাইন যোগাযোগ (ইমেইলের) মাধ্যমে আপনার সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন।

যদি আপনার আবেদন প্রত্যাখ্যান করা হয়, বা আপনাকে সহায়ক সুরক্ষা মর্যাদা দেওয়া হয় কিন্তু আপনি ধারণা করেন যে আপনি শরণার্থী মর্যাদা পাওয়ার অধিকারী তাহলে আপিল কর্তৃপক্ষের (দ্বিতীয় পর্যায়ে) কাছে আপনার আপিল করার অধিকার রয়েছে। আঞ্চলিক আশ্রয় কার্যালয় বা আশ্রয় কার্যালয়ের স্বায়ত্তশাসিত যে শাখা থেকে আপনার আবেদন প্রত্যাখ্যানের সিদ্ধান্তটি জারি করা হয়েছে, অবশ্যই প্রদত্ত সিদ্ধান্তে উল্লেখিত সময়সীমার মধ্যে সেখানে আপনাকে আপিল জমা দিতে।

যদি আপনাকে শরণার্থী মর্যাদা বা সহায়ক সুরক্ষা মর্যাদা প্রদান করা হয়, তাহলে আপনি গ্রীক (হেলেনিক) প্রজাতন্ত্র থেকে বসবাসের অনুমতি (রেসিডেন্সি পারমিট) এবং ভ্রমণ নথি (পাসপোর্ট) পাবেন।

## 4. আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ড সম্পর্কে আপনার যা জানা উচিত

আপনার আবেদনটি সম্পূর্ণভাবে নিবন্ধনের (জমা করার) পর আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ড পাবেন, যার মেয়াদকাল আপনার আবেদন বিবেচনা করা প্রক্রিয়ার উপর নির্ভর করে ত্রিশ (30) দিন থেকে এক (1) বছর পর্যন্ত স্থায়ী হতে পারে। আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ডটি আপনার আবেদন পরীক্ষা প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত গ্রীসে থাকার অনুমতি প্রদান করে। যদি আপনার আবেদনের জন্য নেতিবাচক সিদ্ধান্ত পান তাহলে কার্ডটি অকার্যকর হয়ে যাবে।

কার্ডটি বাস্তবিক কার্ড আকারে অনলাইনভুক্ত ও নবায়নযোগ্যতা সম্পন্নভাবে ইস্যু করা যেতে পারে।

আপনাকে অবশ্যই এই কার্ডটি ভাল অবস্থায় রাখতে হবে এবং এটি সর্বদা আপনার সাথে বহন করতে হবে কারণ এটি প্রমাণ করে যে আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য একটি আবেদন জমা দিয়েছেন।

আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ড একটি অস্থায়ী অবস্থা যা নির্দিষ্ট অধিকার ও বাধ্যবাধকতা প্রদান করে এবং এটি বসবাসের অনুমতির (রেসিডেন্সি পারমিট) **সমতুল্য নয়**।

যে ব্যক্তিরা আটকাবস্থায় বা অভ্যর্থনা ও পরিচয় শনাক্তকরণ প্রক্রিয়ার মধ্যে রয়েছে তাদেরকে বা যারা পরবর্তীকালীন আবেদন জমা দিয়েছে তাদের পরবর্তীকালীন আবেদনের গ্রহণযোগ্যতা নির্ধারণ না হওয়া পর্যন্ত তাদেরকে কার্ড প্রদান করা হয় না।

কার্ডটিতে ব্যক্তিগত তথ্যাবলী ছাড়াও, এর ইস্যুর তারিখ, কার্যকারিতার মেয়াদকাল এবং বিদেশীদের জন্য অস্থায়ী বীমা ও স্বাস্থ্য পরিচর্যা নম্বর (পাইপা) উল্লেখিত থাকে।

আপনার কাছে সর্বদা আসল কার্ডটি থাকতে হবে এবং বিশেষ করে আশ্রয় কার্যালয়ের সাথে প্রতিটি সাক্ষাতে, বিশেষ করে সাক্ষাৎকারের দিন। ফটোকপি গ্রহণ করা হয় না ।

কার্ডের মেয়াদকাল শেষ হওয়ার আগ পর্যন্ত যদি আপনার আবেদনের বিষয়ে কোনো সিদ্ধান্ত না পেয়ে থাকেন, তাহলে আপনাকে অবশ্যই কার্ডটি নবায়ন করতে হবে।

কার্ডটি পুনরায় নবায়ন করতে, আপনাকে পুরানো কার্ডটি উপস্থাপন করতে হবে।

আপনার কার্ডের মেয়াদকাল শেষ হওয়ার পরের দিন পর্যন্ত এটি পুনরায় নবায়ন করার সময়সীমা রয়েছে। **যদি আপনি মেয়াদকাল শেষ হওয়ার পরের দিন পর্যন্ত কার্ডটি নবায়ন না করেন তবে সেটি কার্যকারিতা হারাবে এবং আপনার আবেদনটি বন্ধ হয়ে যাবে।**

আশ্রয় কার্যালয়, যান্ত্রিক ত্রুটি বা কার্যালয় পরিচালনা বিষয়ক অন্যান্য কারণে যদি আপনার কার্ডটি নবায়ন করতে না পারে তাহলে জনসাধারণকে জানানোর জন্য আশ্রয় কার্যালয় তার ওয়েবসাইটে একটি নোটিশ প্রচারণা করবে। এক্ষেত্রে, স্বয়ংক্রিয়ভাবে আপনার কার্ডটি পুনরায় নবায়ন করা হবে।

**কার্ড হারানোর ঘোষণা:**

আপনার কার্ড হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে, আশ্রয় কার্যালয় থেকে আপনি একটি নতুন কার্ড পাওয়ার জন্য অনুরোধ করতে পারেন।

আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য একটি আবেদন জমা দিয়েছেন এই মর্মে আশ্রয় কার্যালয় আপনাকে একটি সনদপত্র প্রদান করবে যাহাতে কার্ড নম্বর উল্লেখিত থাকবে।

এটি সাথে নিয়ে আপনি গ্রীক পুলিশের স্মরণাপন্ন হবেন, যেখানে আপনি কার্ড হারানোর ঘোষণা জমা দিবেন।

কার্ড হারানোর ঘোষণার একটি প্রত্যয়িত অনুলিপি পেয়ে গেলে, আপনাকে অবশ্যই সেটি আশ্রয় কার্যালয়ে উপস্থাপন করতে হবে এবং একটি নতুন কার্ড ইস্যুর জন্য আবেদন করতে হবে। অন্তত দুই মাস পার হওয়ার আগে কোনো নতুন কার্ড দেওয়া হয় না।

## 5. আন্তর্জাতিক সুরক্ষার জন্য একজন আবেদনকারী হিসাবে আপনার অধিকার এবং বাধ্যবাধকতা

### a) আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারীদের অধিকার

গ্রীসে, আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী হিসাবে আপনার নিম্নলিখিত অধিকারগুলো রয়েছে:

- বিনামূল্যে আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ড পেতে পারেন, যা আইনীভাবে এদেশের ভিতর চলাফেরার অনুমতি দেয় ।
- আপনার আবেদনের পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত গ্রীসে থাকতে পারেন এবং আপনার আবেদনের পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত আপনাকে নির্বাসিত (ডিপোর্ট) করা নিষিদ্ধ।
- এদেশে অবাধে চলাফেরা করতে পারেন, যদি না আপনার প্রাপ্ত আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ডটিতে দেশের একটি নির্দিষ্ট অংশে চলাফেরার অনুমতি নির্দেশিত করা থাকে, অর্থাৎ একটি

ভৌগলিক সীমাবদ্ধতা রয়েছে।

- আপনার আবেদনের অগ্রগতি, এর বিভিন্ন পর্যায়ের সময়সীমা, আপিল করার অধিকার এবং আপনার আবেদনের সিদ্ধান্ত সম্পর্কে আপনি বোঝেন এমন ভাষায় অবহিত হতে পারেন।
- প্রথম ও দ্বিতীয় স্তরে আবেদনের বিভিন্ন পর্যায়ে এবং বিশেষ করে আশ্রয় কার্যালয়ে সাক্ষাৎকারের সময় বিনামূল্যে দোভাষী সেবা পাওয়ার অধিকার।
- স্বেচ্ছায় স্বদেশে প্রত্যাবর্তনের অধিকার।
- আপনি শরণার্থীদের জন্য জাতিসংঘের হাই কমিশনের সাথে বা আইনি সহায়তা, চিকিৎসা এবং মানসিক সহায়তা প্রদান করে এমন একটি সংস্থার সাথে যোগাযোগ করতে পারেন ।
- যদি আপনি কাজ না করেন এবং আপনার আর্থিক সংস্থান আপনার দৈনন্দিন চাহিদা পূরণের জন্য পর্যাপ্ত না হয় তাহলে আর্থিক সহায়তার অধিকার পেতে পারেন ।
- আবাসন কেন্দ্রে বা অন্যান্য বাসস্থানে আবাসনের অধিকার (ব্যক্তিগত বাসায় বা হোটেলে থাকার প্রোগ্রাম)।
- আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন জমা দেওয়ার তারিখ থেকে ষাট (60) দিন অতিবাহিত হওয়ার পরে এবং যদি আপনার আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ড থাকে তবে গ্রীক আইন দ্বারা নির্ধারিত শর্তের অধীনে কাজ করার অধিকার।
- ট্যাক্স রেজিস্ট্রেশন নম্বর (আফিমি) ইস্যু করার অধিকার।
- কর্মচারী হিসেবে একজন গ্রীক নাগরিকের সমপর্যায়ী বীমা অধিকার ও বাধ্যবাধকতা।
- বিদেশীদের জন্য অস্থায়ী বীমা ও স্বাস্থ্য পরিচর্যা নম্বর (পাইপা) ইস্যুসহ চিকিৎসা ও হাসপাতালে যত্ন-পরিচর্যা ব্যবস্থায় প্রবেশাধিকার।
- অপ্রাপ্তবয়স্ক আবেদনকারীদের জন্য বিনামূল্যে সরকারি শিক্ষা ব্যবস্থায় প্রবেশাধিকার।
- প্রাপ্তবয়স্ক আবেদনকারীদের জন্য মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় প্রবেশাধিকার।
- পেশাগত প্রশিক্ষণে প্রবেশাধিকার।

**b) আন্তর্জাতিক সুরক্ষার আবেদনকারীদের বাধ্যবাধকতা**

গ্রীসে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী হিসাবে আপনার নিম্নলিখিত বাধ্যবাধকতাগুলো রয়েছে:

- গ্রীসে প্রবেশের পরপরই আন্তর্জাতিক সুরক্ষা আবেদন জমা দিন।
- সর্বদা আবেদনকারী কার্ড আপনার সাথে রাখুন। আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ড একটি অস্থায়ী অবস্থা যা নির্দিষ্ট অধিকার ও বাধ্যবাধকতা প্রদান করে এবং এটি বসবাসের অনুমতির (রেসিডেন্সি পারমিট) সমতুল্য নয়।
- আপনার কার্ডের মেয়াদকাল শেষ হওয়ার আগে এবং সর্বোচ্চ এটির মেয়াদ শেষ হওয়ার পরবর্তী কার্যদিবস পর্যন্ত সময়মতো কার্ড নবায়ন করতে ভুলবেন না।
- আপনার আবেদনের পরীক্ষা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত গ্রীসে থাকুন। বিশেষ পরিস্থিতি যেমন-প্রমাণিত গুরুতর স্বাস্থ্যগত কারণে অন্য দেশে আপনার উপস্থিতি নির্দেশ করে এমন মানবিক কারণ ব্যতীত গ্রীসের বাইরে ভ্রমণ করতে পারবেন না। ভ্রমণ নথি (পাসপোর্ট) ইস্যু করার জন্য আপনাকে অবশ্যই কার্যালয়ে আবেদন করতে হবে।
- আপনার আবেদন সম্পর্কিত যেকোন বিষয়ে তথ্য প্রদান এবং আপনার পরিচয় সংক্রান্ত তথ্যাবলী যাচাই করতে গ্রীক কর্তৃপক্ষের সাথে সহযোগিতা করুন।
- আপনার নির্ধারিত সাক্ষাৎকারের জন্য আশ্রয় কার্যালয়ে উপস্থিত হোন।
- যখনই আপনাকে তলব করা হয় তখনই দেরি না করে উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর উপস্থিত হোন।
- আপনার ভ্রমণ নথি হস্তান্তর করুন এবং আবেদন সংক্রান্ত ও আপনার পরিচয় প্রত্যয়ন করে আপনার অধীনে থাকা এমন প্রাসঙ্গিক নথিপত্র উপস্থাপন করুন।
- আশ্রয় কার্যালয়কে অবিলম্বে আপনার বাসস্থানের ঠিকানা ও আপনার সাথে যোগাযোগের বিবরণ, সেইসাথে সেগুলির কোনও পরিবর্তন সম্পর্কে অবহিত করুন। আপনি আপনার

- যোগাযোগের বিবরণ পরিবর্তন করার জন্য একটি অনলাইন আবেদনও জমা দিতে পারেন। আশ্রয় কার্যালয় আপনার আবেদনের সাথে সম্পর্কিত নথিগুলি আপনার প্রদত্ত যোগাযোগের ঠিকানায় (ইমেল ঠিকানা, বসবাসের ঠিকানা) পাঠাবে।
- আপনার আবেদন নিবন্ধিত হওয়ার পর গ্রীসে জন্ম নেওয়া সন্তানদের নিবন্ধনের জন্য তাদের জন্ম নিবন্ধনসহ আশ্রয় কার্যালয়ে উপস্থিত হোন।
- আপনার আবেদন পরীক্ষা প্রক্রিয়ার বিভিন্ন পর্যায়ে উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা আপনার জন্য নির্ধারিত সময়সীমা মেনে চলুন।
- যদি রাষ্ট্র থেকে আপনাকে সুবিধা প্রদান করা হয় সেক্ষেত্রে আপনার প্রকৃত আর্থিক পরিস্থিতি গোপন করবেন না।
- অভ্যর্থনা ও পরিচয় শনাক্তকরণ কেন্দ্রে, আবাসন কাঠামোতে বা অন্য কোনো আবাসন স্থানে বসবাসের ক্ষেত্রে সেখানকার নিয়মাবলী অনুসরণ করুন এবং উপযুক্ত কর্তৃপক্ষকে না জানিয়ে এই স্থানগুলো ছেড়ে যাবেন না।
- দ্বিতীয়বার পরবর্তীকালীন বা এরপর প্রতিবার পরবর্তীকালীন আবেদনের জন্য, আপনাকে অবশ্যই আপনার আবেদনের তিনএকশত (300€) ইউরোর একটি রসিদ (পারাভলো) জমা দিতে হবে, যা অনলাইন রসিদ (ই-পারাভলো) প্রক্রিয়ার মাধ্যমে ইস্যু করা হয়। একটি পরিবারের ক্ষেত্রে, প্রতিটি সদস্যের জন্য আলাদাভাবে সম পরিমাণ অর্থ (পারাভলো) জমা দিতে হবে।

উপযুক্ত কর্তৃপক্ষের সাথে, উপরে সংজ্ঞায়িত করা হয়েছে এমন বাধ্যবাধকতায় অসহযোগিতা করা , বিশেষ করে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ না করা এবং আবেদন পরীক্ষার জন্য প্রয়োজনীয় তথ্যাবলী নির্ধারণে অসহযোগিতা করা , যার ফলস্বরূপ আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন নির্বিঘ্নে পরীক্ষা প্রক্রিয়া সম্পন্নকার্য ব্যহত হয় এমন ব্যবহার আবেদন প্রত্যাখ্যানের শামিল ।

উপরোক্ত বাধ্যবাধকতার লঙ্ঘন, আপনার ভোগ্য বস্তুগত সুবিধা (যেমন-ভাতা, বাসস্থান, ইত্যাদি) প্রাপ্তিতে বাধা বা সীমাবদ্ধতার দিকে পরিচালিত করে।

## 6. স্বেচ্ছায় স্বদেশে প্রত্যাবর্তন

আশ্রয় (অ্যাসাইলাম) প্রক্রিয়া থেকে ইস্তফা নেওয়ার পর যদি আপনার স্বদেশে ফিরে যেতে চান তবে সে অধিকার আপনার রয়েছে।

যারা স্বেচ্ছায় ফিরে যাওয়ার ইচ্ছা প্রকাশ করে, আরও বিস্তারিত তথ্যের জন্য তাদেরকে আন্তর্জাতিক অভিবাসী সংস্থা (IOM) এর কাছে পাঠানো হয়, যারা আপনার প্রত্যাবাসন প্রক্রিয়া পরিচালনা করে থাকবে।

আন্তর্জাতিক অভিবাসী সংস্থা (IOM) এর স্বেচ্ছায় স্বদেশে প্রত্যাবর্তন প্রোগ্রাম সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য এখানে দেখুন।

**পরিশেষে, আমরা আপনাকে জানাতে চাই যে, আশ্রয় কার্যালয়ের প্রাঙ্গনে এমন বস্তুসহ প্রবেশ করা নিষেধ: অস্ত্র, ধারালো বা অন্যান্য বস্তু যা আঘাতের জন্য, বিস্ফোরণের জন্য, দাহ্য, রাসায়নিক ও বিষাক্ত পদার্থের জন্য ব্যবহার করা যেতে পারে।**